মেহেরপুরে অটোবাইক চালক হত্যাকান্ডের ২ আসামি আটক; অটোবাইক ও মোবাইল উদ্ধার

মেহেরপুর শহরে আবাসিক হোটেল এজাজে চাঞ্চল্যকর অটোবাইক চালক আব্দুর রহমান হত্যা মামলার আসামি সন্দেহে ২ জনকে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

আটকরা হলো ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলাার বুদরাজপুর গ্রামের দিনবন্ধু বিশ্বাসের ছেলে বিপ্লব কুমার বিশ্বাস ও একই উপজেলার গোপালপুর গ্রামের মজদেত আলীর ছেলে রাজু শেখ।

আজ সোমবার (১২ জুন) ভোররাতের দিকে ঝিনাইদহ উপজেলার কালিগঞ্জ উপজেলার গোপালপুর থেকে রাজু শেখ ও কানারাইল গ্রাম থেকে বিপ্লব কুমার বিশ্বাসকে গ্রেফতার করে।

অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আজমল হোসেনের নেতৃত্বে ডিবি’র ওসি সাইফুল ইসলাম, এসআই কেএম রেজাউল আশরাফ আলীসহ পুলিশ এবং ডিবির সদস্যরা এই অভিযানে অংশ নেন।

ডিবি’র ওসি সাইফুল ইসলাম জানান, আজ ভোরের দিকে কালিগঞ্জ উপজেলার বুদরাজপুর গ্রামের দিনুবন্ধু বিশ্বাসের ছেলে পল্লব কুমার বিশ্বাসের বাড়িতে অভিযান চালানো হয়। এ সময় পল্লব বিশ্বাসকে আটক করার পর তার স্বীকারোক্তি অনুযায়ী রাজু শেখের শ্বশুরবাড়ি কানারাইল গ্রাম থেকে রাজু শেখকে আটক করা হয়। পরে তাদের স্বীকারোক্তী মোতাবেক সেখান থেকে নিহত আব্দুর রহমানের অটোবাইক ও মোবাইল ফোন উদ্ধার করে পুলিশ। অটোবাইক ছিনতাই উদ্দেশ্যে মূলত আব্দুর রহমানকে খুন করা হয় বলে জানা গেছে।

ওসি সাইফুল ইসলাম আরও জানান, তথ্যপ্রযুক্তি ব্যবহার করে ছিনতাইকারীদের মোবাইল ট্রাকিং করে আব্দুর রহমান হত্যাকান্ডের সাথে জড়িত থাকার অভিযোগে দুইজনকে আটক করতে সক্ষম হয়েছে। হত্যার সঙ্গে জড়িত অপর আসামিদের দ্রুত আটক করা হবে বলে জানান তিনি।

উল্লেখ্য, গতকাল রবিবার বিকালে মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকায় এজাজ প্লাজা নামের একটি আবাসিক হোটেল থেকে আব্দুর রহমান

(৫২) গলাকাটা অর্ধগলিত লাশ উদ্ধার করে পুলিশ।